# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (c) প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং iDEX-DIO এর তত্ত্বাবধানে Defence India Startup Challenge (DISC) 5.0 চালু করেছেন। প্রতিরক্ষা ও মহাকাশ ক্ষেত্রে প্রযুক্তিবিদ্যার উদ্ভাবনী কৌশলকে কাজে লাগানোর জন্য 2018 সালে iDEX-DIO চালু হয়েছিল। উপরোক্ত এই কর্মসূচীকে বাস্তবায়িত করতে প্রতিরক্ষামন্ত্রী 498.8 কোটি টাকার ব্যয় বরাদ্দ মঞ্জুর করেছেন। অ্যাচিভার্স

2. (a) ভারতীয় মহিলাদের এক নৈতিক ও ঐতিহাসিক জয়। সম্প্রতি ভারতীয় সুপ্রিম কোর্টের নির্দেশের পরিপ্রেক্ষিতে ভারতের তিন প্রতিরক্ষা বাহিনীর স্থায়ী কমিশন এবং ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে মহিলাদের অন্তর্ভুক্তির মান্যতা পেল। তাই আসন্ন ইউপিএসসি পরিচালিত এনডিএ পরীক্ষায় এবার থেকে মেয়েরাও অংশগ্রহণ করতে পারবেন।

3. (c) ASK Investment Managers Ltd. ভারতের অন্যতম বৃহৎ ম্যানেজমেন্ট পরিষেবা প্রদানকারী সংস্থা হিসাবে সেবি'তে নথিভুক্ত হয়েছে। এই সংস্থাটি ডিজিটাল অল্টারনেট ইনভেস্টমেন্ট ফান্ড চালু করেছে এবং এই ফান্ড চালুর জন্য 1000 কোটি টাকার তহবিল তৈরির লক্ষ্যমাত্রা নিয়েছে। অ্যাচিভার্স

4. (d) 21 আগস্ট ইসমাইল সাবরি ইয়াকুব মালয়েশিয়ার নবম প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি পূর্বে 13তম ডেপুটি প্রধানমন্ত্রী, প্রতিরক্ষামন্ত্রী, নিরাপত্তা বিষয়ক সিনিয়র মিনিস্টার, 15তম বিরোধী দলনেতা, গ্রামীণ ও আঞ্চলিক উন্নয়নমন্ত্রী, যুবকল্যাণ ও ক্রীড়ামন্ত্রী হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন। তিনি প্রধানমন্ত্রী হিসাবে পূর্ববর্তী পদাধিকারী মুহাদ্দিন ইয়াসিনের স্থলাভিষিক্ত হলেন।

   মালয়েশিয়া:
   রাজধানী— কুয়ালালামপুর
   সরকারি ভাষা— মালয়েশিয়ান
   মূলধর্ম— ইসলাম (61.3%) অ্যাচিভার্স
   মুদ্রা— মালয়েশিয়ান রিঙ্গিত

5. (b) ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর জন্মবার্ষিকী উপলক্ষ্যে 20 আগস্ট সারা দেশজুড়ে জাতীয় 'সদ্ভাবনা দিবস' উদযাপিত হয়। জাতীয় সংহতি এবং সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার উদ্দেশ্যে এই দিনটি পালিত হয়।

   **রাজীব গান্ধী সম্পর্কে:**
   - ✓ জন্ম— 20 আগস্ট, 1944, মৃত্যু— 21 মে, 1991
   - ✓ 1984-1989 ভারতের প্রধানমন্ত্রী।
   - ✓ 1989-1990 বিরোধী দলনেতা।
   - ✓ 1981-1991 পার্লামেন্টের সদস্য। অ্যাচিভার্স
   - ✓ 1991 সালে ভারতরত্ন পেয়েছেন।

6. (c) ভারত সরকার রাশিয়া থেকে AK-103 অ্যাসল্ট রাইফেল কেনার চুক্তি স্বাক্ষর করেছে। এই রাইফেলটি ইন্দো-রাশিয়া রাইফেলস প্রাইভেট লিমিটেড তৈরি করবে।

   **AK-103 সম্পর্কিত তথ্য:** অ্যাচিভার্স
   - ✓ পরিষেবা প্রদান করছে— 2001 থেকে বর্তমান।
   - ✓ যে যুদ্ধে ব্যবহৃত হয়েছে— ইরাক যুদ্ধ, আফগান যুদ্ধ, লিবিয়া গৃহযুদ্ধ, সিরিয়ার গৃহযুদ্ধ, ইরাকি গৃহযুদ্ধসহ অন্যান্য।
   - ✓ নকশাকার— মিখাইল কালাশানিকোভ।
   - ✓ ওজন— 3.6 কেজি।
   - ✓ দৈর্ঘ্য— 943 মিমি/37.1 ইঞ্চি।
   - ✓ ব্যারেল দৈর্ঘ্য— 415 মিমি।
   - ✓ কার্টিজ— 7.62 × 39 মিমি।
   - ✓ ক্যালিবার— 7.62 মিমি।
   - ✓ গুলির হার— 600 রাউন্ড/মিনিট। অ্যাচিভার্স

7. (a) উত্তরপ্রদেশ সরকার কাকোরি ষড়যন্ত্র মামলার নাম পরিবর্তন করে 'কাকোরি ট্রেন অ্যাকশন' রাখল। কাকোরি ষড়যন্ত্র মামলা হচ্ছে একটি ট্রেন ডাকাতি, যেটি লক্ষ্ণৌয়ের আলমনগর এবং কাকোরির মাঝে 1925 সালের 9 আগস্ট সংঘটিত হয়েছিল। এই ঘটনাটি ভারতীয় স্বাধীনতা আন্দোলনের সময় ব্রিটিশ রাজের বিরুদ্ধে অনুশীলন সমিতির বিপ্লবীরা হিন্দুস্থান রিপাবলিকান আর্মির সহায়তায় ঘটিয়েছিল। এই মামলায় পণ্ডিত রামপ্রসাদ বিসমিল, রাজেন্দ্র লাহিড়ী, ঠাকুর রোশন সিং, আসফাকউল্লা খানের ফাঁসি হয়। শচীন্দ্রনাথ সান্যালের যাবজ্জীবন দীপান্তর হয়।

8. (c) সম্প্রতি পারস্য উপসাগরে এই নৌমহড়া অনুষ্ঠিত হয়ে গেল। কাতারের 'এমিরি নাভাল ফোর্স' এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল।

9. (c) ইউএসএ 'কংগ্রেশনাল গোল্ড মেডেলে' ভূষিত হলেন ভারতের বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী মহাত্মা গান্ধী। কংগ্রেশনাল গোল্ড মেডেল মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রেষ্ঠ অসামরিক সম্মান।

   **মহাত্মা গান্ধী সম্পর্কিত তথ্যাবলি:**
   - ✓ জন্ম— 2 অক্টোবর, 1869, মৃত্যু— 30 জানুয়ারি, 1948। অ্যাচিভার্স
   - ✓ তিনি অহিংস উপায়ে আন্দোলন পরিচালনা করতেন।
   - ✓ তিনি অহিংস অসহযোগ, সত্যাগ্রহ, আইন অমান্য, ভারত ছাড়ো প্রভৃতি স্বাধীনতা আন্দোলনের পুরোধা ছিলেন।
   - ✓ তাঁর পুরোনাম— মোহনদাস করমচাঁদ গান্ধী।
   - ✓ 2007 সালে রাষ্ট্রসংঘ তাঁর জন্মদিন উপলক্ষ্যে 2 অক্টোবরকে আন্তর্জাতিক অহিংসা দিবস হিসাবে ঘোষণা করেছে।

10. (c) দিল্লি সরকার বায়ুর গুণমান বৃদ্ধির জন্য সম্প্রতি স্মগ টাওয়ার চালু করেছে। দিল্লি আইআইটি এবং বোম্বে আইআইটি মিলে যৌথভাবে এটি তৈরি করেছে। এটির নোডাল এজেন্সি হল ‘দিল্লি পলিউশন কন্ট্রোল কমিটি’ (DPCC)।

**একনজরে দিল্লি:**

✓ ভারতের জাতীয় রাজধানী অঞ্চল।
✓ বর্তমান মুখ্যমন্ত্রী— অরবিন্দ কেজরিওয়াল।
✓ বর্তমান প্রশাসক— অনিল বাইজাল।
✓ মোট জেলার সংখ্যা— 11টি।

11. (a) চলতি বছরে কেন্দ্রীয় ভূ-বিজ্ঞান মন্ত্রক 35টি ভূমিকম্প পর্যবেক্ষণ কেন্দ্র চালু করতে চলেছে। বর্তমানে সারা দেশে 115টি ভূমিকম্প পর্যবেক্ষণ কেন্দ্র রয়েছে। 2026 সাল নাগাদ আরো 100টি কেন্দ্র গড়ে তোলার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

12. (d) 2022 সালের অক্টোবর মাসে ভারতের হায়দরাবাদে দ্বিতীয় UN World Geospatial Information Congress অনুষ্ঠিত হতে চলেছে। এর থিম হিসাবে নির্ধারিত হয়েছে— 'Geo-enabling the Global village'। UNWGIC এর ব্যবস্থাপক UN Committee of Experts on Global Geospatial Information Management।

13. (c) নাবার্ড তামিলনাড়ুর এই প্রোজেক্ট বাস্তবায়িত করতে 24.90 লক্ষ টাকা প্রদান করেছে। প্রোজেক্টটি ‘এস স্বামীনাথন রিসার্চ ফাউন্ডেশন’ জেলে সম্প্রদায় বা মৎস্যজীবীদের সাহায্য করতে চালু করেছে।

14. (c) রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ সিনিয়র বিজেপি দলনেতা লা গণেশনকে মণিপুরের 17তম রাজ্যপাল হিসাবে নিযুক্ত করলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী নাজমা হেপতুল্লার স্থলাভিষিক্ত হলেন।

**মণিপুর সম্পর্কিত তথ্যাবলি—**

✓ রাজধানী— ইম্ফল।
✓ বর্তমান মুখ্যমন্ত্রী— এন বীরেন সিং।
✓ রাজ্যসভার সদস্য সংখ্যা- 1।
✓ লোকসভার সদস্য সংখ্যা- 2।
✓ মোট জেলা– 16টি।
✓ সরকারি ভাষা— মণিপুরী।

15. (d) উত্তরাখণ্ড সরকার সংস্কৃত ভাষাকে রাজ্য সরকারি ভাষার স্বীকৃতি দিয়েছে। সংস্কৃত ভাষা হল ভারতের সংবিধানের অষ্টম তপশিলে অন্তর্ভুক্ত একটি ভাষা।

**উত্তরাখণ্ড সম্পর্কিত তথ্যাবলি—**

✓ রাজধানী— দেরাদুন।
✓ বর্তমান রাজ্যপাল— গুরমিত সিং।
✓ বর্তমান মুখ্যমন্ত্রী— পুস্কর সিং ধামি।
✓ মোট জেলা— 13টি।
✓ স্বাক্ষরতা হার— 79.63% (2011 অনুযায়ী)।

16. (b) 23 আগস্ট, 2021 তারিখে ভারতীয় ও ফিলিপিন্স নৌবাহিনীর মধ্যে 'Maritime Partnership Exercise' অনুষ্ঠিত হয়ে গেল। এই মহড়ায় ভারতের 'INS Ranvijay' ও INS Kora অংশগ্রহণ করেছিল।

17. (b) সম্প্রতি আফগানিস্তানের প্রেসিডেন্ট আসরফ ঘনিকে ক্ষমতাচ্যুত করে তালিবানরা ক্ষমতা দখল করলে আফগানিস্তানে অবস্থিত ভারতীয়দের জীবন সংকট দেখা দেয়। তাই ভারত সরকার ভারতীয়দের উদ্ধার করতে ‘অপারেশন দেবীশক্তি’ চালু করেছিল।

18. (b) 'Cushman & Wakefield' এই ইনডেক্স রিপোর্ট প্রকাশ করে থাকে। এবারে Global Manufacturing Risk Index - most desirable manufacturing destination-এ চীন প্রথম স্থানে রয়েছে।

19. (b) সুইডেনের গ্রিন স্টিল ভেঞ্চার HYBRIT 100 শতাংশ জীবশ্ম মুক্ত হাইড্রোজেন বিশিষ্ট গ্রিন স্টিল উৎপাদন করেছে। এই স্টিল উৎপাদন করতে তারা Volvo-AB এর সাহায্য নিয়েছে। HYBRIT কথার সম্পূর্ণ অর্থ হল— Hydrogen Breakthrough Ironmaking Technology।

20. (b) Economics Intelligence Unit কর্তৃক প্রকাশিত Safe Cities Index-2021 এ নতুন দিল্লি ভারতের মধ্যে প্রথম তথা সমগ্র তালিকায় 48তম স্থানে রয়েছে। ভারতের অপর শহর মুম্বাই সমগ্র তালিকায় 50তম স্থানে রয়েছে। ডেনমার্কের কোপেনহেগেন সমগ্র তালিকায় প্রথম স্থানে রয়েছে।

21. (c) FREO হল ভারতের মধ্যে প্রথম ক্রেডিট লেড নিও ব্যাঙ্ক। সম্প্রতি FREO এর সহায়তায় ইক্যুইটাস স্মল ফিন্যান্স ব্যাঙ্ক গ্রাহকদের জন্য 'Fero Save' নামক জিরো ব্যালেন্স সেভিংস অ্যাকাউন্ট চালু করেছে।

**Equitas SFB সম্পর্কিত তথ্যাবলি**

✓ সদর কার্যালয়— চেন্নাই, তামিলনাড়ু।
✓ ট্যাগ লাইন— It's Fun Banking।
✓ বর্তমান এমডি এবং সিইও— পি এন বাসুদেবান।

> প্রশ্ন নং 21-এ দেওয়া FRED এর জায়গায় FREO এবং 'Fero Save' এর জায়গায় 'Freo Save' পড়তে হবে। অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমাপ্রার্থী।

22. (c) বিশিষ্ট বলিউড চলচ্চিত্রাভিনেত্রী আলিয়া ভাট স্যামসাং-এর Galaxy-Z সিরিজ মোবাইলের বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন। এটি একটি ফোল্ডেবল স্মার্টফোন।

**আলিয়া ভাট সম্পর্কিত তথ্য—**

✓ বলিউড চলচ্চিত্রাভিনেত্রী।
✓ 1999 সালে ‘সংঘর্ষ’ চলচ্চিত্রের অভিনয় করে চলচ্চিত্র শিল্পে আত্মপ্রকাশ।
✓ তিনি এ পর্যন্ত 131টি বিভিন্ন পুরস্কার পেয়েছেন।
✓ তিনি মহেশ ভাটের সুযোগ্যা কন্যা।

23. (a) কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রক খোলা স্থানে মলত্যাগ মুক্ত গ্রাম

গড়ে তোলার জনসচেতনতা বৃদ্ধির জন্য 100 দিনের 'SUJALAM' কর্মসূচী নিয়েছে। এই কর্মসূচী অনুযায়ী সারা দেশে 1 মিলিয়ন শোক-পিট তৈরি, প্রত্যেক বাড়িতে টয়লেটের পুনর্নির্মাণ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

24. (c) এটি মালাবার নৌমহড়ার 25তম মহড়া। এই মহড়ায় ভারতের 'INS Shivalik', INS Kadmatt এবং P81 Patrol aircraft অংশ নিয়েছিল। 1992 সালে প্রথমবার ভারত ও মার্কিন নৌবাহিনীর মধ্যে মালাবার মহড়া শুরু হয়েছিল।

25. (b) জিম্বাবোয়েতে জলবায়ুর ধাক্কাজনিত পরিস্থিতিতে জনগণকে বিভিন্নভাবে সাহায্য করার জন্য ভারত সরকার UN World Food Programme-এ 1 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করল। অ্যাচিভার্স

**গুরুত্বপূর্ণ তথ্যাবলি—**

✓ 2023 সালকে রাষ্ট্রসংঘ International Year of Millets হিসাবে ঘোষণা করেছে।
✓ জিম্বাবোয়ের রাজধানী— হারারে।
✓ জিম্বাবোয়ের মুদ্রা— জিম্বাবোয়ে ডলার।

26. (b) উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি ইন্ডিয়ান আইডলে চ্যাম্পিয়ন সংগীতশিল্পী পবনদীপ রাজনকে সে রাজ্যের সংস্কৃতি ও পর্যটন বিষয়ক বিপণন দূত হিসাবে নিযুক্ত করল। পবনদীপ রাজন উত্তরাখণ্ডের চম্পাওয়াতের বিশিষ্ট সংগীতশিল্পী।

27. (a) বনবিহারী বিষ্ণু নিম্বকার কৃষি ক্ষেত্রের সঙ্গে জড়িত। কৃষি ও পশুপালন ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য তিনি 2006 সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছিলেন। অ্যাচিভার্স

28. (c) 'Zydus Cadila' গুজরাটের আহমেদাবাদের সংস্থা। এই সংস্থাটি 3-12 বছর বয়সি শিশুদের জন্য Zycov-D নামক করোনা প্রতিরোধী ভ্যাকসিন তৈরি করেছে। যেটি সম্প্রতি ড্রাগস কন্ট্রোলার জেনারেল অফ ইন্ডিয়ার কাছে থেকে ছাড়পত্র পেয়েছে।

29. (b) এই ইনডেক্সটি নীতি আয়োগ, কেন্দ্রীয় উত্তর-পূর্বাঞ্চল মন্ত্রক যৌথভাবে UNDP এর সহায়তায় প্রকাশ করেছে। উত্তর-পূর্বাঞ্চলের 8টি রাজ্যের মোট 103টি জেলার উপর এই ইনডেক্সটি প্রকাশ করা হয়েছে। এই তালিকায় পূর্ব সিকিম জেলাটি প্রথম স্থানে রয়েছে। অ্যাচিভার্স

30. (a) নীতি আয়োগ Cisco এর সহায়তায় নতুন পর্যায়ে Woman Entrepreneurship Platform চালু করেছে যার নাম হল WEPNxt'। প্রসঙ্গত উল্লেখ্য, নীতি আয়োগ 2017 সালে প্রথম 'Women Entrepreneurship Platform' চালু করেছিল।

31. (b) ব্যুরো অফ পুলিশ রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (BPR&D), শিক্ষা মন্ত্রকের ইনোভেশন সেল এবং AICTE যৌথভাবে MANTHAN-2021 চালু করেছে। অ্যাচিভার্স

32. (c) মনসুখ মান্দাভিয়া 2024 সাল পর্যন্ত এই পদে নিযুক্ত থাকবেন। তিনি একজন বিশিষ্ট রাজনীতিবিদ। বর্তমানে তিনি কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী হিসাবে নিযুক্ত আছেন।

**পূর্বে তিনি—**

✓ 2002-2007— গুজরাট বিধানসভার সদস্য।
✓ 2011-2012— গুজরাট অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেডের চেয়ারম্যান। অ্যাচিভার্স
✓ 2016-2019— জাতীয় সড়ক ও পরিবহণ প্রতিমন্ত্রী।
✓ 2012— বর্তমান রাজ্যসভার সাংসদ।
✓ 7 জুলাই 2021— বর্তমান কেন্দ্রীয় রাসায়নিক ও সারমন্ত্রী।

33. (c) কেন্দ্রীয় শ্রম মন্ত্রী ভূপিন্দর যাদব সম্প্রতি সারা দেশের অসংগঠিত ক্ষেত্রের কর্মচারীদের নথিভুক্তকরণের জন্য সম্প্রতি e-Shram নামক এক ওয়েব পোর্টাল চালু করেছে। এটি National Database of Unorganised Workers (NDUW) হিসাবে কাজ করবে। এই ওয়েব পোর্টালে রেজিস্ট্রেশন করার পর কর্মচারীকে 12 সংখ্যার একটি ইউনিক নম্বর প্রদান করা হবে। অ্যাচিভার্স

34. (b) দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল সম্প্রতি দিল্লির সরকারি স্কুলে মেন্টরশিপ প্রোগ্রাম 'দেশ ক্যা মেন্টর' এর প্রচার করতে সোনু সুদকে বিপণন দূত হিসাবে নিযুক্ত করলেন। দিল্লির সরকারি স্কুলের 10 লক্ষ ছাত্রছাত্রীকে পথ প্রদর্শন করতে 3 লক্ষ পেশাদারি ও বিশেষজ্ঞকে এই কাজে লাগানো হয়েছে।

35. (b) কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক ভারতীয় নৌবাহিনীর জন্য 1349.95 কোটি টাকা দিয়ে 14টি Integrated Anti-Submarine Warefare Defence Suit কেনার জন্য Mahindra Defence System Ltd.-এর সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে।

36. (c) কেন্দ্রীয় সরকার প্রত্যক্ষ ও পরোক্ষ কর সংক্রান্ত বিষয়ে পর্যালোচনা করার উদ্দেশ্যে আশিস সীরাধোঙ্কারের নেতৃত্বে এক কমিটি গঠন করল। অ্যাচিভার্স

37. (a) কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং পুণের আর্মি স্পোর্টস ইনস্টিটিউট স্টেডিয়ামের নাম পরিবর্তন করে 'নীরজ চোপড়া স্টেডিয়াম' রাখলেন। নীরজ চোপড়া সদ্য সমাপ্ত টোকিও অলিম্পিক গেমসে জাভলিন থ্রোয়ে সোনার মেডেল জয়লাভ করেছেন।

38. (c) কেন্দ্রীয় সড়ক ও পরিবহণ মন্ত্রক গাড়ি রেজিস্ট্রেশনের জন্য নতুন রেজিস্ট্রেশন সিরিজ BH-Series (Bharat Series) চালু করেছে। এই সিরিজের কোন গাড়ির পৃথক রাজ্যে পৃথক রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই।

39. (a) লাইফ ইন্সিয়োরেন্স কর্পোরেশন ই-কেওয়াইসি ভিত্তিক নতুন বিমা পলিসি নথিভুক্ত করতে ANANDA (Atma Nirbhar Agents New Business Digital Application) নামক মোবাইল অ্যাপস চালু করল।

**এক নজরে এলআইসি—** অ্যাচিভার্স

✓ প্রতিষ্ঠাকাল— 1956।
✓ সদর কার্যালয়— মুম্বাই।
✓ বর্তমান পদাধিকারী— এম আর কুমার (চেয়ারম্যান)।

40. (d) অমিত ব্যানার্জি ভারত আর্থ মুভার্স লিমিটেড (BEML Ltd) -এর সিএমডি হিসাবে নিযুক্ত হলেন। BEML Ltd. একটি পাবলিক সেক্টর আন্ডারটেকিং সংস্থা। এর সদর কার্যালয় বেঙ্গালুরু। এর প্রতিষ্ঠাকাল 1964 সাল।

41. (b) অ্যাডেন সাগরে অনুষ্ঠিত ভারত ও জার্মানির নৌবাহিনীর মধ্যে অনুষ্ঠিত নৌমহড়ায় ভারতের INS TRIKAND এবং জার্মানির 'BAYERN' অংশগ্রহণ করেছিল।

**INS TRIKAND সম্পর্কিত তথ্য:** অ্যাচিভার্স

✓ প্রস্তুতকারক সংস্থা— যন্ত্রর শিপইয়ার্ড (রাশিয়া)।
✓ ভারতের নৌবাহিনীতে অন্তর্ভুক্ত— 29 জুন, 2013।
✓ ক্লাস ও টাইপ— তলোয়ার-ক্লাস ফ্রিগেট।
✓ দৈর্ঘ্য— 124.8 মিটার।
✓ গতিবেগ— 56 কিমি/ঘণ্টা।

42. (d) ওহিয়াম ইন্টারন্যাশনালের সহযোগী সংস্থা ওহিয়াম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড কর্ণাটকের বেঙ্গালুরুতে ভারতের প্রথম ‘গ্রিন হাইড্রোজেন ইলেক্ট্রোলাইজার ফ্যাক্টরি’ গড়ে তুলল। এটি 'Proton Exchange Membrane (PEM) Hydrogen Electrolyzers উৎপাদন করবে।

43. (b) সম্প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পাঞ্জাবের অমৃতসরে অবস্থিত জালিয়ানওয়ালাবাগ স্মারককে দেশের জন্য নিবেদন করলেন এবং 14 আগস্ট সারা দেশজুড়ে Partition Horrors Rememberance Day হিসাবে পালন করার কথা ঘোষণা করলেন। প্রসঙ্গত উল্লেখ্য, জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড ঘটেছিল 1919 সালের 13 এপ্রিল। অ্যাচিভার্স

44. (c) ভারতের জনপ্রিয় অলিম্পিয়ান মেজর ধ্যানচাঁদের জন্মদিন উপলক্ষ্যে 29 আগস্ট সারা দেশজুড়ে National Sports Day উদযাপিত হয়।

**ধ্যানচাঁদ সম্পর্কিত তথ্যাবলি—** অ্যাচিভার্স

✓ জন্ম— 29 আগস্ট, 1905, মৃত্যু– 3 ডিসেম্বর, 1979।
✓ অন্য যে নামে পরিচিত--- The Wizard, The Magician.
✓ 1928– 1932, 1936 সালের অলিম্পিকে সোনার মেডেল জয়ী ভারতীয় দলের সদস্য ছিলেন তিনি।
✓ তিনি 1956 সালে পদ্মভূষণ সম্মানে ভূষিত হলেন।

45. (d) 29-30 আগস্ট ভূমধ্যসাগরে ভারত ও আলজিরিয়ার নৌবাহিনীর মধ্যে 'Maritime Partnership Exercise' অনুষ্ঠিত হয়ে গেল।

**একনজরে আলজিরিয়া—**

✓ রাজধানী— আলজিয়ার্স। অ্যাচিভার্স
✓ মুদ্রা— আলজিরিয়ান দিনার।
✓ বর্তমান প্রধানমন্ত্রী— এ বেনারদারামানে।
✓ বর্তমান রাষ্ট্রপতি— আব্দেলমদজিদ তেবিউন।

46. (c) কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি বর্ডার সিকিউরিটি ফোর্সের ডিরেক্টর জেনারেল হিসাবে পঙ্কজ কুমার সিংকে নিযুক্ত করার সুপারিশ করল।

**একনজরে বিএসএফ—**

✓ প্রতিষ্ঠাকাল— 1965 সাল।
✓ মোটো— Duty Unto Death.
✓ সদর কার্যালয়— নতুন দিল্লি। অ্যাচিভার্স
✓ যে মন্ত্রকের অধীনস্থ— কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক।

47. (c) সম্প্রতি ফিনল্যান্ডের ফিনটেক কোম্পানি PayU ভারতের অনলাইন পেমেন্ট গেটওয়ে কোম্পানি 'Billdesk' এর 100% শেয়ার 4.7 বিলিয়ন মার্কিন ডলারের বিনিময়ে সম্পূর্ণ অধিগ্রহণ করল।

**একনজরে PayU:**

✓ প্রকৃতি— বেসরকারি।
✓ প্রতিষ্ঠাকাল— 2002 সাল।
✓ বর্তমান সিইও— এল এল মোয়াল।

48. (b) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ ত্রিপুরার গোমতী জেলার কিল্লা গ্রামে আনুষ্ঠানিকভাবে 'My Pad My Right' নামক প্রোজেক্টের আনুষ্ঠানিক শুভ সূচনা করলেন। এই প্রোজেক্টের আওতায় নাবার্ড এবং তার সহযোগী সংস্থা 'NABFOUNDATION' যৌথভাবে সস্তায় স্যানিটারি প্যাড মেকিং মেসিন স্থাপন করবে।

49. (b) সম্প্রতি সংযুক্ত আরব আমিরশাহির দুবাইয়ের ব্লুওয়েটার্স দ্বীপপুঞ্জে পর্যবেক্ষণকারী হুইল স্থাপিত হয়েছে। এটি ‘লন্ডন আই’-এর থেকে প্রায় দ্বিগুণ উচ্চতম।

**একনজরে Ain Dubai:** অ্যাচিভার্স

✓ উচ্চতা— 250 মিটার।
✓ ব্যাস— 250 মিটার।
✓ উপাদান— ধাতু।

50. (a) করোনা সংক্রমণজনিত পরিস্থিতি থেকে আফ্রিকার অর্থনীতিকে চাঙ্গা করার জন্য ভারতের EXIM Bank, 100 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

**একনজরে EXIM Bank—** অ্যাচিভার্স

✓ প্রতিষ্ঠাকাল— 1982 সাল।
✓ সদর কার্যালয়— মুম্বাই।
✓ বর্তমান পদাধিকারী— হর্ষ বাঙ্গারি (এমডি)।

51. (a) গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত রাজ্যের প্রত্যেক গৃহস্থালীর জন্য বিনাশুল্কে 16,000 লিটার পর্যন্ত জল সরবরাহ করতে 'Save Water to get Free Water' স্কিম চালু করেছেন।

**একনজরে গোয়া—**

✓ রাজ্যের গঠনকাল— 30 মে, 1987.
✓ রাজধানী— পানাজি।
✓ মোট জেলা— 2টি।
✓ বর্তমান মুখ্যমন্ত্রী— পি এস শ্রীধরন পিল্লাই।
✓ বর্তমান মুখ্যমন্ত্রী— প্রমোদ সাওয়ান্ত
✓ লোকসভার আসন— 2টি। অ্যাচিভার্স
✓ রাজ্যসভার আসন— 1টি।

52. (a) লাদাখ প্রশাসন Snow Leopard (Panthera unica) কে রাজ্য পশু এবং Black necked crane (Grus nigricollis) কে রাজ্য পাখি হিসাবে ঘোষণা করেছে।

**একনজরে লাদাখ—**

✓ গঠনকাল— 31 অক্টোবর, 2019। অ্যাচিভার্স
✓ রাজধানী— লে।
✓ মোট জেলা— 2টি।
✓ বর্তমান প্রশাসক — রাধাকৃষ্ণ মাথুর।
✓ আয়তন — 59,146 বর্গকিমি (প্রায়)।

53. (b) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এ সি ভক্তিবেদান্ত স্বামী প্রভুপদের জন্মবার্ষিকী উপলক্ষ্যে 125 টাকার মূল্যের স্মারক মুদ্রা প্রকাশ করলেন। এ সি ভক্তিবেদান্ত স্বামী প্রভুপদ হলেন ইসকনের (ISKCON – International Society of Krishna Consciousness) এর প্রতিষ্ঠাতা আচার্য।

54. (c) সম্প্রতি কাজাখস্তানের আইশা বিবি গ্রামে ভারত ও কাজাখস্তানের সেনাবাহিনীর মধ্যে যৌথ সামরিক মহড়া অনুষ্ঠিত হল।

**একনজরে কাজাখস্তান—**

✓ রাজধানী— নুর সুলতান। অ্যাচিভার্স
✓ মুদ্রা — টেঙ্গি।

55. (c) বিশ্বের স্বাস্থ্য সংস্থা WHO জার্মানির বার্লিনে প্রথম 'WHO Hub for Pandemic and Epidemic Intelligence' গড়ে তুলল। সম্প্রতি হু'র ডিজি ট্রেডস আধানাম গ্যাব্রিয়েসাস এবং জার্মানির চ্যান্সেলর অ্যাঞ্জেলা মর্কেল যৌথভাবে এই হাবের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন। জার্মানি সরকার প্রাথমিক পর্যায়ে এই ক্ষেত্রে 100 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

56. (d) দোরজি আংচুক লাদাখের একজন বিশিষ্ট ইঞ্জিনিয়ার ছিলেন। তিনি জ্যোতির্বিজ্ঞানের অসামান্য অবদান রাখার স্বীকৃতি স্বরূপ প্রথম ভারতীয় হিসাবে IAU এর সাম্মানিক সদস্যপদ লাভ করলেন। তিনি দীর্ঘদিন লাদাখে অবস্থিত ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ অ্যাস্ট্রোফিজিক্স কেন্দ্রে কর্মরত আছেন। অ্যাচিভার্স

57. (d) 'ওডিয়া' ভাষাটি 2014 সালে শাস্ত্রীয় ভাষার মর্যাদা পেয়েছিল। ভারতে বর্তমানে মোট 6টি শাস্ত্রীয় ভাষা রয়েছে। অন্যান্য শাস্ত্রীয় ভাষা ও বিশেষ ভাষার মর্যাদা লাভ করার সময়কাল হল— (1) তামিল - (2004), (2) সংস্কৃত - (2005), (3) কন্নড় - (2008), (4) তেলুগু - 2008, (5) মালয়ালম (2013)।

58. (a) Global Dairy Top 20 Report-2021 অনুযায়ী শ্রেষ্ঠ দুগ্ধ শিল্প উৎপাদন সংস্থার তালিকায় ফ্রান্সের 'Lactalis' কোম্পানিটি প্রথম স্থানে রয়েছে। ভারতে AMUL এই তালিকায় 18তম স্থানে রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য—

- বিশ্বের শ্রেষ্ঠ দুগ্ধ উৎপাদনকারী দেশ হল ভারত।
- বিশ্বের শ্রেষ্ঠ দুগ্ধ রপ্তানিকারক দেশ হল নিউজিল্যান্ড।

59. (c) HDFC Life Insurance সংস্থাটি Exide Life Insurance কোম্পানির 100% শেয়ার 6687 কোটি টাকার বিনিময়ে সম্পূর্ণরূপে অধিগ্রহণ করল। অ্যাচিভার্স

60. (d) মণিপুরের বর্তমান মুখ্যমন্ত্রী এন বীরেন সিং ইম্ফলে, জিরিবাম এবং মাওতে পরিদর্শনকারীদের প্রবেশ ও প্রস্থান সংক্রান্ত বিষয়ে পর্যবেক্ষণ করার জন্য Electronic Innner Line Permit (e-ILP) প্লাটফর্ম চালু করলেন। অ্যাচিভার্স

61. (a)

62. (d) কেন্দ্রীয় ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি সংস্থার অধীনস্থ The National e-Governance Division সাইবার ল্যাব প্রতিষ্ঠা করার জন্য এই মউ স্বাক্ষর করেছে।

63. (b) কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রক ভেষজ চিকিৎসার প্রতি জনমানসে সচেতনতা গড়ে তোলার জন্য তাদের কর্মচারীদের বিনামূল্যে ভেষজ উদ্ভিদ বণ্টন করার জন্য 'Ayush Aapke Dwar' প্রচারাভিযান কর্মসূচী নিয়েছে। আগামি এক বছরে সারা দেশে 75 লক্ষ পরিবারকে বিনামূল্যে এই গাছ বণ্টন করার লক্ষ্যমাত্রা রেখেছে। অ্যাচিভার্স

64. (d) কেন্দ্রীয় শক্তি মন্ত্রকের অধীনস্থ Power Grid Corporation of India Ltd. একমাত্র সরকারি সংস্থা হিসাবে এবছর ATD (Association for Talent Development) Best Award-21 এ ভূষিত হয়েছে।

65. (b) নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন বেলজিয়ান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছেন। এই প্রতিযোগিতায় দ্বিতীয় এবং তৃতীয় স্থানে শেষ করেছেন যথাক্রমে– জর্জ রাসেল (ব্রিটেন) এবং লুইস হ্যামিল্টন (ব্রিটেন)।

66. (c) বিশ্বের সর্বোচ্চ সিনেমা হল সম্প্রতি লাদাখের লে'র পাল্ডেন এরিয়াতে চালু হয়েছে। যার উচ্চতা হল 11562 ফুট।

**একনজরে লাদাখ—**

✓ এটি একটি কেন্দ্রশাসিত অঞ্চল। অ্যাচিভার্স
✓ গঠনকাল — 2019 সাল।
✓ রাজধানী — লে।
✓ জম্মু ও কাশ্মীর রাজ্য ভেঙে গঠিত হয়েছে।

67. (c) টোকিও প্যারা অলিম্পিকসের পুরুষদের হাইজাম্প T47 বিভাগে ভারতের নিশাদ কুমার রৌপ্য মেডেল জয়লাভ করেছে।

**একনজরে টোকিও প্যারা অলিম্পিক—**

✓ তারিখ — 24 আগস্ট - 5 সেপ্টেম্বর, 2021।
✓ মোটো — United by Emotion.
✓ মোট ইভেন্ট — 539 (22টি খেলা)।

68. (c) ভারতের মাল্টি ন্যাশনাল ফিনান্সিয়াল সার্ভিসেস এবং পেমেন্ট সার্ভিস সিস্টেম সংস্থা সম্প্রতি 'RuPay #FollowPaymentDistancing' নামক প্রচারাভিযান চালু করেছে।

**একনজরে RuPay—** অ্যাচিভার্স

✓ গঠন — 2014 সাল।
✓ মালিক — NPCI.

✓ প্রোডাক্ট — ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, কন্ট্যাক্টলেস স্মার্ট কার্ড, ডিজিটাল কার্ড, BharatQR প্রভৃতি।
✓ ট্যাগলাইন — 'ONE LIFE. ONE Rupay'.

69. (b) বুদ্ধদেব গুহ একজন প্রোথিতযশা বাংলা সাহিত্যিক ছিলেন। তিনি মূলত অরণ্য ও প্রকৃতি বিষয়ক সাহিত্য সৃষ্টির জন্য বিখ্যাত। তাঁর লেখা কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থ হল— 'আয়নার সামনে', 'অববাহিকা', 'হলুদ-বসন্ত', 'জঙ্গলমহল', 'লবঙ্গীর জঙ্গলে', 'পামরি', কুর্চিবনে গান' প্রভৃতি। তিনি ১৯৭৬ সালে আনন্দ পুরস্কার পেয়েছেন।

70. (b) ভারতের রাষ্ট্রায়ত্ত স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার প্রাক্তন চেয়ারম্যান রজনীশ কুমার HSBC Asia'-র স্বাধীন ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন। তিনি 2017-2020 পর্যন্ত এসবিআই-এর 25তম চেয়ারপার্সন ছিলেন।

**একনজরে HSBC ব্যাঙ্ক—**
✓ গঠনকাল — 1865 সাল।
✓ সদর কার্যালয় — লন্ডন।

71. (b) 2 সেপ্টেম্বর সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড কোকোনাট ডে' পালিত হল। 2021 সালের ওয়ার্ল্ড কোকোনাট ডে'র থিম হল— 'Building a Safe Inclusive Resilient and Sustainable Coconut Community Amid COVID-19 Pandemic & Beyond'.

72. (c) কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি 'সেন্ট্রাল বোর্ড অফ ডিরেক্ট ট্যাক্সেস' (CBDT) এর চেয়ারম্যান হিসাবে জে বি মহাপাত্রকে নিযুক্ত করার সুপারিশ করল। 1985 সালের ব্যাচের এই আইআরএস অফিসার ইনকাম ট্যাক্স ডিপার্টমেন্টে কর্মরত ছিলেন।

73. (a) তিনি একজন বিশিষ্ট রাজনীতিবিদ এবং সাংবাদিক ছিলেন। 'দ্য পাইওনিয়ার' সংবাদপত্রের এডিটর এবং ম্যানেজিং ডিরেক্টর হিসাবে দীর্ঘদিন কর্মরত ছিলেন। তিনি 2003-2009, 2010-2016 পর্যন্ত রাজ্যসভার সাংসদ ছিলেন।

74. (c) সম্প্রতি ভারতীয় নৌবাহিনী এবং সিঙ্গাপুর নৌবাহিনীর মধ্যে দক্ষিণ চীন সাগরে SIMBEX-2021 অনুষ্ঠিত হয়ে গেল। ভারতের 'INS Ranvijay', 'INS Kiltan', 'INS Kora' এই মহড়ায় অংশগ্রহণ করেছিল।

75. (d) Hurun Research Institute কর্তৃক প্রকাশিত Hurun India Future Unicorn List-2021 এর তালিকায় ভারত তৃতীয় স্থানে রয়েছে, যে তালিকায় ইউএসএ প্রথম স্থানে রয়েছে। উপরোক্ত তালিকানুযায়ী ভারতে মোট 51টি ইউনিকর্নস রয়েছে।

76. (c) রাজ্যসভার চেয়ারম্যান এম বেঙ্কাইয়া নাইডু সম্প্রতি রাজ্যসভার সেক্রেটারি জেনারেল হিসাবে ডক্টর পরাসরাম পট্টভি কেশব রামাচারুলুকে নিযুক্ত করলেন, যিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী দেশ দীপক ভার্মার স্থলাভিষিক্ত হলেন।

77. (c) অসমে শিক্ষক দিবস উদযাপন উপলক্ষ্যে অসমের শিক্ষামন্ত্রী 'সমগ্র শিক্ষা অভিযান' নামক এক কর্মসূচী চালু করেন। এই কর্মসূচীকে রূপায়িত করতে টোকিও অলিম্পিকে ব্রোঞ্জ মেডেল জয়ী বক্সার লভলীনা বোরগোহাইনকে বিপণন দূত হিসাবে নিযুক্ত করলেন।

**একনজরে অসম—**
✓ গঠনকাল — 1950 সাল।
✓ রাজধানী — দিসপুর।
✓ মোট জেলা — 34টি।
✓ আয়তন — 78438 বর্গকিমি (প্রায়)।
✓ বর্তমান মুখ্যমন্ত্রী — হিমন্ত বিশ্বশর্মা।

78. (a) প্রশান্ত কুমার International Legal Assistance Consortium (ILAC) এর বোর্ড অফ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন। তিনি বর্তমানে 'বার অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাসব নিযুক্ত আছেন।

79. (b) নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন ডাচ গ্রাঁপিতে চ্যাম্পিয়ন হলেন। এই প্রতিযোগিতায় দ্বিতীয় এবং তৃতীয় স্থানে শেষ করেছেন যথাক্রমে লুইস হ্যামিল্টন (ব্রিটেন) এবং ভালতেরি বোট্টাস (ফিনল্যান্ড)।

80. (c) মনোজ সরকার পুরুষদের সিঙ্গলসে SL3 ব্যাডমিন্টন প্রতিযোগিতায় ব্রোঞ্জ মেডেল জয়লাভ করলেন। তিনি ভারতের উত্তরাখণ্ডের একজন প্যারা অ্যাথলিট। তিনি 2013, 2015, 2019 সালের ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে সোনার মেডেল জয়লাভ করেছেন।

81. (c) 24 আগস্ট – 5 সেপ্টেম্বর জাপানের টোকিওতে অনুষ্ঠিত 2020 সালের প্যারা অলিম্পিক খেলায় ভারত সোনা-5, রুপো-8, ব্রোঞ্জ-6 সহ মোট 19টি মেডেল জয়লাভ করে পদক তালিকার 24তম স্থানে রয়েছে।

82. (a) উপরোক্ত গ্রন্থটির রচয়িতা হলেন বিশিষ্ট হলিউড চলচ্চিত্র অভিনেত্রী অ্যাঞ্জেলিনা জোলি। তিনি বর্তমানে UNHCR এর বিশেষ দূত হিসাবে নিযুক্ত আছেন। তিনি 2000, 2014 সালে অস্কার, 2009 এবং 2018 সালে বাফটা অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন।

83. (c) A এবং B উভয়েই AUSINDEX21 নৌমহড়ায় অংশগ্রহণ করেছিল।

84. (c) স্টেট ব্যাঙ্ক অফ মরিশাস - ইন্ডিয়া মোবাইল ভিত্তিক ক্রেডিট কার্ড চালু করার জন্য mobile-first চালু করেছে।

**একনজরে SBM Bank India—**
✓ প্রতিষ্ঠাকাল — 1994 সাল।
✓ বর্তমান এমডি এবং সিইও — সিদ্ধার্থ রথ।
✓ সদর কার্যালয় — মুম্বাই।

85. (d) গুজরাটের গ্রামীণ অঞ্চলের উন্নয়নের জন্য এই যোজনা চালু করা হয়েছে। এই স্কিমের মোট খরচের 40% রাজ্য সরকার দেবে এবং 60% সংগ্রহ করা হবে অনাবাসী গুজরাটিদের কাছ থেকে।

**একনজরে এই স্কিম—**
✓ স্কুল এবং লাইব্রেরিতে স্মার্ট ক্লাস চালু।
✓ গ্রামে কমিউনিটি হল, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং অঙ্গনওয়ারি কেন্দ্র স্থাপন।

✓ CCTV সিস্টেম চালু।
✓ বাসস্ট্যান্ড তৈরি। অ্যাচিভার্স
✓ সৌর বিদ্যুৎ ভিত্তিক পথবাতি স্থাপন।

86. (a) বীর সাংভি একজন বিশিষ্ট সাংবাদিক। তিনি বর্তমানে ব্রডকাস্ট কন্টেন্ট কমপ্লেন কাউন্সিল (BCCC) এর সদস্য হিসাবে নিযুক্ত আছেন।

87. (d) মার্কিনী দেশ এল সালভাদোর বিটকয়েনকে জাতীয় মুদ্রা হিসাবে গ্রহণ করেছে। এই দেশটি বিটকয়েনকে জাতীয় মুদ্রার মর্যাদার জন্য 'Chivo' বা 'Cool' নামক জিজিটাল ওয়ালেট চালু করেছে।

88. (b) টাটা এআইএ লাইফ ইন্সিয়োরেন্স সংস্থার বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন সুবেদার নীরজ চোপড়া। সদ্য সমাপ্ত 2020 সালের টোকিও অলিম্পিকে জাভলিন থ্রোয়ে সোনার মেডেল জয়লাভ করেছেন। অ্যাচিভার্স

89. (b) নির্লেপ সিং রাই ন্যাশনাল ফার্টিলাইজার লিমিটেডের সিএমডি হিসাবে নিযুক্ত হলেন। এর পূর্বে তিনি রামাগুন্ডামে ফার্টিলাইজার্স অ্যান্ড কেমিক্যালস লিমিটেডের সিইও হিসাবে দীর্ঘদিন কর্মরত ছিলেন।

**একনজরে ন্যাশনাল ফার্টিলাইজার লিমিটেড—**
✓ এটি একটি মিনিরত্ন পিএসইউ সংস্থা।
✓ সদর কার্যালয় — নয়ডা, উত্তরপ্রদেশ।
✓ গঠনকাল — 1979 সাল।

90. (d) উৎপল কে ব্যানার্জি একজন ভারতীয় লেখক ও ম্যানেজমেন্ট এক্সপার্ট। তিনি 2009 সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছিলেন। তাঁর লেখা গ্রন্থটি আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেছেন কেন্দ্রীয় সংস্কৃতিমন্ত্রী গঙ্গারাম কিষাণ রেড্ডি।

91. (c) RBI সম্প্রতি PCA (Prompt Corrective Action) তালিকা থেকে ইউকো ব্যাঙ্ককে বাদ দেওয়া হয়েছে।

**একনজরে ইউকো ব্যাঙ্ক—**
✓ প্রতিষ্ঠাকাল — 1943 সাল। অ্যাচিভার্স
✓ সদর কার্যালয় — কলকাতা।
✓ বর্তমান এমডি এবং সিইও — অতুল কুমার গোয়েল।

92. (c) খাদ্য নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরূপ International Corps Research Institute for the Semi-Arid Tropics সংস্থাটি ‘আফ্রিকা ফুড প্রাইজে’ ভূষিত হল।

93. (c) হর্ষভুপেন্দ্র বাঙ্গারি EXIM Bank এর এমডি হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ডেভিড রাসকুইনহার স্থলাভিষিক্ত হলেন। প্রসঙ্গত বলা যায় EXIM Bank এর প্রতিষ্ঠাকাল 1982 সাল। অ্যাচিভার্স

94. (b) সম্প্রতি কেন্দ্রশাসিত অঞ্চল চণ্ডীগড়ে ভারতের উচ্চতম বায়ুশোধনকারী টাওয়ার প্রতিস্থাপিত হয়েছে। ‘চণ্ডীগড় পলিউশন কন্ট্রোল কমিটি’ কর্তৃক এটা প্রতিস্থাপিত হয়েছে। এর ব্যাসার্ধ 500 মিটার (প্রায়) এবং উচ্চতা 24 মিটার। এটি আশেপাশের প্রায় 3.88 কোটি কিউবিক ফুট বায়ু পরিশোধন করবে।

95. (c) ব্যাঙ্ক অফ বরোদা সমস্ত ব্যাঙ্কিং পরিষেবাকে এক ছাদের তলায় নিয়ে আসার জন্য 23 আগস্ট, 2021 তারিখ থেকে bob world চালু করেছে। এই প্লাটফর্মটিতে প্রায় 220টি পরিষেবা পাওয়া যাবে।

96. (c) চীন 7 সেপ্টেম্বর, 2021 তারিখে তাইউয়ুআন স্যাটেলাইট উৎক্ষেপণ কেন্দ্র থেকে Gaofen-502 স্যাটেলাইটটি উৎক্ষেপণ করেছে। এটি একটি হাইপারস্পেকট্রাল স্যাটেলাইট।

**একনজরে চীন—**
✓ রাজধানী — বেজিং।
✓ মুদ্রা — রেনমিনবি। অ্যাচিভার্স
✓ আয়তন — 9596961 বর্গকিমি।

97. (b) মার্কিন ওয়েব সার্ভিস প্রদানকারী সংস্থা ইয়াহু’র সিইও হিসাবে জিম লাঞ্জোন পূর্ববর্তী পদাধিকারী গুরু গোরাপ্পানের স্থলাভিষিক্ত হলেন। জিম লাঞ্জোন এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে টিন্ডার এর সিইও ছিলেন।

**একনজরে ইয়াহু—**
✓ প্রতিষ্ঠাকাল — 1994 সাল।
✓ সদর কার্যালয় — ক্যালিফোর্নিয়া।
✓ প্রতিষ্ঠাতা — জেরি ইয়াং এবং ডেভিড ফিলো।

98. (a) রাশিয়ার ড্যানিল মেদভেদেভ পুরুষদের সিঙ্গলসে সার্বিয়ার নোভাক জকোভিচকে 6-4, 6-4, 6-4 ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন।

99. (b) জো রুট হলেন ইংল্যান্ডের একজন বিশিষ্ট ক্রিকেটার। তিনি এযাবৎ 109টি টেস্ট ম্যাচে 9278 রান এবং 39টি উইকেট, 152টি ওয়ান ডে ম্যাচে 6109 রান ও 26টি উইকেট সংগ্রহ করেছেন। অ্যাচিভার্স

100. (c) 20 সেপ্টেম্বর পাঞ্জাবের 16তম মুখ্যমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন চরনজিৎ সিং চান্নি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী অমরিন্দর সিং-এর স্থলাভিষিক্ত হলেন। এবারে দু’জন ডেপুটি মুখ্যমন্ত্রী হিসাবে নিযুক্ত হয়েছেন– সুখজিন্দর সিং রান্ধোয়া এবং ওমপ্রকাশ সোনি।

★★★